



জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ আরও এক মাস বাড়ল



## জাতীয় ঐকমত্য কমিশন

সংগৃহীত ছবি

জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ দ্বিতীয় দফায় এক মাস বাড়িয়ে আগামী ১৫ অক্টোবর পর্যন্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে রাষ্ট্রপতির আদেশক্রমে জারি করা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এর আগে কমিশনের মেয়াদ ১৫ সেপ্টেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছিল।

জাতীয় ঐকমত্য কমিশনের কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য এর মেয়াদ আরও এক মাস বাড়ানো হয়েছে। সোমবার (১৫ সেপ্টেম্বর) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়, কমিশনের মেয়াদ আগামী ১৫ অক্টোবর পর্যন্ত বর্ধিত হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

এর আগে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে গত ১২ ফেব্রুয়ারি সাত সদস্যের জাতীয় ঐকমত্য কমিশন গঠিত হয়। কমিশনকে শুরুতে ছয় মাসের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা দেওয়া হয়েছিল। সে অনুযায়ী ১৫ আগস্ট কমিশনের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল।

তবে কাজ শেষ না হওয়ায় প্রথম ধাপে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত মেয়াদ বাড়ানো হয়। এখন দ্বিতীয় ধাপে আরও এক মাস বাড়িয়ে ১৫ অক্টোবর পর্যন্ত কার্যক্রম চালানোর অনুমতি দেওয়া হলো।